গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেনারেল ম্যানেজারের কার্যালয়
ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা-১০০০।
**www.bdpost.gov.bd**

স্মারক নং- ১৪.৩১.০০০০.৬০৬.১১.০০১.১৮.

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকার অধীন অফিস সমূহে রাজস্ব খাতভুক্ত শূণ্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে বর্ণিত শর্তে অনলাইনে **http://pliec.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | অফিস সহায়ক (গ্রেড-২০) (৮,২৫০-২০,০১০) | ১৬ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | (ক) ঢাকা, নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, গাজীপুর, কিশোরগঞ্জ, নরসিংদী, টাংগাইল, নেত্রকোনা, ময়মনসিংহ, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, লক্ষ্মীপুর, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (খ) জামালপুর ও ফেনী জেলা সহ "ক" তে বর্ণিত সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) (৮,২৫০-২০,০১০) | ২ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | |
| | মোট= | ১৮ টি | | |

**১. বিশেষ নির্দেশনা**

১.১ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি ও নীতি অনুসরণ করা হবে।

১.২ যে-কোন কারণে বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১.৩ প্রার্থী কর্তৃক প্রদত্ত যে-কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণ হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি

নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.৪ সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো প্রার্থী কোনো বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

১.৫ (i) প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরিরত প্রার্থীদের মধ্যে যোগ্য এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে নিয়োগের জন্য নির্ধারিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

(ii) প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরি হতে অপসারিত হয়েছেন অথবা চাকুরিতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এই ক্ষেত্রে প্রার্থীকে চাকুরি হতে অপসারণ আদেশের কপি বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের আদেশনামা দাখিল করতে হবে।

(iii) প্রার্থী কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হলে কিংবা প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকলে তিনি আবেদন করার অযোগ্য হবেন।

১.৬ (i) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬/০২/২০০২ খ্রিঃ তারিখের মু:বি:ম:/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্র

অথবা

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ খ্রিঃ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্র দাখিল করতে হবে।

(ii) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট দাখিল করতে হবে।

১.৭ প্রতিবন্ধী প্রার্থীদেরকে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/ সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদপত্র দাখিল করতে হবে।

১.৮ আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যভুক্ত প্রার্থীকে জেলা প্রশাসক/জেলা আনসার এ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.৯ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.১০ প্রার্থীকে মৌখিক পরীক্ষার বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কোটা বা অন্য কোনো সুবিধা দাবির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রসমূহের মূলকপি (যেমন: শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, প্রযোজ্য ক্ষেত্রে বয়স প্রমাণের সনদপত্র, অভিজ্ঞতা/অন্যান্য যোগ্যতার সনদপত্র, স্থায়ী ঠিকানার সনদপত্র, কোটা সুবিধা দাবীর ক্ষেত্রে প্রযোজ্য সনদপত্রসমূহ) প্রদর্শন করতে হবে এবং সনদপত্রসমূহের এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১.১১ নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১.১২ সকল প্রার্থীর আবেদন অনলাইনে প্রসেস করা হবে। অন্য কোনোভাবে দাখিলকৃত বা প্রেরিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

## ২. বয়সসীমা: ২৫ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ তারিখে বয়স

২.১ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩০ বছর।

২.২ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩২ বছর।

২.৩ প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। বয়স প্রমাণের জন্য এসএসসি/সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে।

## ৩. নাগরিকত্ব

৩.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত জেলাসমূহের মধ্যে যে-কোন জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসাবে জাতীয় পরিচয়পত্র (NID) অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৩.২ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইত:পূর্বে কোনো সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার পক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

## ৪. সংরক্ষণ

৪.১ নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে-কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৪.২ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোনো সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

## ৫. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী, শর্তাবলী ও পরীক্ষার ফি জমাদানের সময়

৫.১ পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **http://pliec.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদানের সময় নিম্নরূপ:

(i) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩০ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ, সকাল ১০.০০ ঘটিকা।

(ii) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ, বিকাল ০৫.০০ ঘটিকা।

(iii) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ২০ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীরা উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা পর্যন্ত SMS এর মাধ্যমে বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(iv) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে পর্যাপ্ত সময় নিয়ে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে প্রার্থীগণকে পরামর্শ প্রদান করা হচ্ছে।

৫.২ Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। **ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।**

৫.৩ Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৫.৪ প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে-কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

৫.৫ SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্নকারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে। User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে-কোনো Teletalk Pre-paid Mobile নম্বর ব্যবহার করে ২ (দুই) টি পৃথক SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ=৫০/- (পঞ্চাশ) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ=৬/-(ছয়) টাকা মোট=৫৬/- (ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, ‘‘Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবেনা।’’

৫.৬ ফি জমা দেয়ার পদ্ধতি:

(i) প্রথম SMS: **PLIEC**<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **PLIEC ABCDEF**

Reply: Applicant’s Name, TK. 56 will be charged as Application fee. Your PIN is 12345678. To pay fee Type PLIEC<Space>Yes<Space>PIN and send to 16222.

(ii) দ্বিতীয় SMS: **PLIEC**<Space>**Yes**<Space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **PLIEC YES 12345678**

Reply: Congratulations Applicant’s Name, payment completed successfully for PLIEC Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

৫.৭ প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://pliec.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করতে হবে। পরীক্ষা সংক্রান্ত তথ্য পাওয়ার জন্য মোবাইল নম্বর সক্রিয় না রাখার কারণে কোনো তথ্য বা এসএমএস পেতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৫.৮ SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণকালে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে অবশ্যই প্রদর্শন করবেন।

৫.৯ শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **PLIEC**<Space>**Help**<Space>**User**<Space>**User ID** & Send to 16222.

Example: **PLIEC Help User ABCDEF** & send to 16222.

(ii) PIN Number জানা থাকলে: **PLIEC**<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN No.** & Send to 16222.

Example: **PLIEC Help PIN 12345678** & send to 16222

৫.১০ Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে vas.query@teletalk.com.bd ই-মেইলে অথবা ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। ই-মেইল এর Subject এ Organization Name: PLIEC, Post Name:******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

৬. এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে-কোনো সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে), পরীক্ষার তারিখ, সময়, স্থান অথবা প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য ডাক অধিদপ্তরের **www.bdpost.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে; এছাড়াও **QR Code** স্ক্যান করে টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। প্রার্থীগণকে নিয়োগ সংক্রান্ত বিষয়ে আপডেট থাকার জন্য উল্লেখকৃত ওয়েবসাইটে নিয়মিতভাবে দৃষ্টি রাখতে অনুরোধ করা যাচ্ছে।

৭. প্রার্থীগণকে শেষ তারিখের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে সতর্কতার সাথে নিজে অনলাইনে যথাযথভাবে আবেদনপত্র পূরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি জমাদানসহ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

02/07/2023

(শংকর কুমার চক্রবর্তী)
ডেপুটি জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)
ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা।
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি।